

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৫১৪.০৬.৪৩০.২৪.৫৯৯২

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২৬ খ্রি.

বিষয়ঃ পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৩ এর কতিপয় অনুচ্ছেদ সংশোধন।

সূত্রঃ পল্লী উদ্যোক্তা ঋণ নীতি-নির্ধারণী কমিটির ৩০জুলাই, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভা সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারিতে পল্লী এলাকার ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের মূলধন সহায়তার লক্ষ্যে সরকারের বিশেষ প্রণোদনা হিসেবে বিআরডিবি'র অনুকূলে ৩০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয় যা উপজেলা পর্যায়ে সুফলভোগীদের মাঝে পল্লী উদ্যোক্তা ঋণ হিসেবে বিতরণ করা হয়। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিতে বিআরডিবি পরিচালনা পর্যদের ৫৩তম সভার সিদ্ধান্তক্রমে উক্ত তহবিল পুনঃবিনিয়োগের লক্ষ্যে মাঠ পর্যায়ে “পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৩” জারি করা হয়। জারিকৃত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করে মাঠ পর্যায়ে পুনঃঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পচালনার ক্ষেত্রে কতিপয় অনুচ্ছেদ বাস্তবায়নে মাঠ পর্যায়ের উপপরিচালক ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসারগণ সমস্যার সম্মুখীন হন। তদালোকে সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প অনুবিভাগ হতে স্মারক নম্বর-৯৬৫৭, তারিখ ০২ নভেম্বর, ২০২৫ মূলে মাঠ পর্যায়ে উপপরিচালক বরাবর “পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” সহজীকরণ বিষয়ে মতামত ও সুপারিশ চেয়ে পত্র প্রেরণ করা হয়। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে সকল জেলা থেকেই মতামত ও সুপারিশ পাওয়া যায়। প্রাপ্ত মতামতের ভিত্তিতে নির্দেশিকাটি সহজীকরণের লক্ষ্যে পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন তদারকি কমিটি একটি সুপারিশমালা প্রণয়ন করে। বর্ণিত সুপারিশসমূহ গত ৩০ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির নীতি-নির্ধারণী কমিটির সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় যা নিম্নরূপ:

ক্র. নং	অনুচ্ছেদ নম্বর	“পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” বিদ্যমান অনুচ্ছেদের বিবরণ	“পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” সংশোধিত অনুচ্ছেদের বিবরণ
১	৫.১.১	বিআরডিবি'র তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন বিভিন্ন কর্মসূচি বা কার্যক্রমের আওতায় সমবায় সমিতি বা পল্লী উন্নয়ন দলভুক্ত যে সকল সফল নারী বা পুরুষ সদস্য বা পল্লী উদ্যোক্তা বিআরডিবি হতে ইতোপূর্বে অন্তত ০২ (দুই) দফায় ক্ষুদ্রঋণ গ্রহণপূর্বক আয়বর্ধনমূলক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সফল হয়েছেন বা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন সামগ্রিকভাবে সে সমস্ত সদস্য পল্লী উদ্যোক্তা ঋণ পাবার যোগ্য হবেন। পল্লী উদ্যোক্তা ঋণ গ্রহণের ক্ষেত্রে বিআরডিবি'র কোন কর্মসূচির আওতায় একজন সদস্যের অন্যান্য দুই দফায় ক্ষুদ্রঋণ গ্রহণ এবং তা সূনামের সাথে পরিশোধের সন্তোষজনক রেকর্ড থাকতে হবে। কোনক্রমেই কোন সমিতি বা দলের সদস্য হিসেবে দুই দফার কম সংখ্যক বার ক্ষুদ্রঋণ গ্রহীতা একজন সদস্য আওতায় পল্লী উদ্যোক্তা ঋণ পাবার যোগ্য হবেন না।	বিআরডিবি'র তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন বিভিন্ন কর্মসূচি বা কার্যক্রমের আওতাভুক্ত একজন পল্লী উদ্যোক্তা সদস্য ইতোপূর্বে ০১ (এক) দফায় ক্ষুদ্রঋণ গ্রহণপূর্বক আয়বর্ধনমূলক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে পল্লী উদ্যোক্তা ঋণ পাবার যোগ্য হবেন।
২	৫.১.৩	বিদ্যমান নির্দেশিকায় নেই	উপজেলা হতে প্রেরিত ব্যতিক্রমধর্মী ও সম্ভাব্য প্রস্তাবনা জেলার উপপরিচালক কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক প্রদত্ত সুপারিশের প্রেক্ষিতে উপজেলার বিতরণযোগ্য পল্লী উদ্যোক্তা ঋণ তহবিলের সর্বোচ্চ ২০% টাকা বিভাগীয় দপ্তর হতে অনুমোদনকরতঃ নতুন পল্লী উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করা যাবে।

ক্র. নং	অনুচ্ছেদ নম্বর	“পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” বিদ্যমান অনুচ্ছেদের বিবরণ	“পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” সংশোধিত অনুচ্ছেদের বিবরণ
৩	৬.১(৬)	বিআরডিবি’র কোন কর্মসূচি বা কার্যক্রমের আওতায় সমিতি বা দলের সদস্য হিসেবে দলীয় শৃঙ্খলা মেনে কমপক্ষে দুইবার (০২) ক্ষুদ্রঋণ গ্রহণ করে সুনামের সাথে নিয়মিত কিস্তি পরিশোধ করেছেন।	বিআরডিবি’র কোন কর্মসূচি বা কার্যক্রমের আওতায় সমিতি বা দলের সদস্য হিসেবে দলীয় শৃঙ্খলা মেনে এক বার ক্ষুদ্রঋণ গ্রহণ করে সুনামের সাথে নিয়মিত কিস্তি পরিশোধ করেছেন এরূপ সদস্য পল্লী উদ্যোক্তা ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন।
৪	৭.১	পল্লী উদ্যোক্তা ঋণ গ্রহণে আগ্রহী সদস্য নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-২) ঋণের আবেদনপত্র ও বিজনেস প্ল্যান (পরিশিষ্ট-৭) দাখিল করবেন।	পঞ্জীপ এবং ইরেসপো-এর ছকের আলোকে সংশোধিত বিজনেস প্ল্যান (পরিশিষ্ট-৭) ঋণ বিতরণে ব্যবহার করতে হবে। সংশোধিত (পরিশিষ্ট-৭) সংযুক্ত।
৫	১১(২)	০৫ (পাঁচ) টি রেভিনিউ স্ট্যাম্পসহ কার্টিজ পেপারে উপযুক্ত ব্যক্তি জামিনদারনামা (Man Security/ Gauranter)।	উপযুক্ত ব্যক্তির পরিবর্তে ঋণ গ্রহীতার স্বামী/স্ত্রী-কে এবং ঋণ গ্রহীতার পরিবারের ০১ জন নিকট আত্মীয়কে জামিনদার (Man Security/Gauranter) করতে হবে।
৬	১১(৩)	পোস্টডেটেড ক্রসড্ চেক (নতুন ঋণ গ্রহীতার ক্ষেত্রে ১৬টি, পুরাতনদের ক্ষেত্রে ১৮টি)	নতুন ও পুরাতন ঋণ গ্রহীতার ক্ষেত্রে জামানত হিসেবে ০৩ টি পোস্ট ডেটেড চেক সংরক্ষণ করতে হবে।
৭	১২.২(১)	একজন উদ্যোক্তা সদস্যের একক ঋণের সীমা হবে সর্বনিম্ন ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত।	একজন উদ্যোক্তা সদস্যের প্রথম দফায় একক ঋণের সীমা সর্বনিম্ন ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং সর্বোচ্চ সীমা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা নির্ধারণ করা হবে।
৮	১২.২(২)	প্রথম দফায় একজন উদ্যোক্তা সদস্যকে সর্বোচ্চ ১,০০,০০০/- (একলক্ষ) টাকা ঋণ প্রদান করা যাবে।	প্রথম দফায় একজন উদ্যোক্তা সদস্যকে সর্বোচ্চ ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ প্রদান করা যাবে।
৯	১২.২(৩)	প্রথম ধাপের পর পরবর্তী প্রতি ধাপে ঋণ প্রদানের ক্ষেত্রে তহবিল সংস্থান সাপেক্ষে ঋণের সিলিং সর্বোচ্চ ২৫% বৃদ্ধি করা যাবে।	প্রথম ধাপের পর পরবর্তী প্রতি ধাপে ঋণ তহবিল সংস্থান সাপেক্ষে ঋণের সিলিং সর্বোচ্চ ৩০% বৃদ্ধি করা যাবে।
১০	১২.৪.৪ (খ)	উপজেলা পর্যায়ে বিআরডিবি’র কর্মসূচি বা ইউসিসিএ’র কোন মাঠকর্মী/পরিদর্শক (উপজেলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এক বা একাধিক ব্যক্তি) উদ্যোক্তা ঋণ কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব পালন করলে সেক্ষেত্রে সেবামূল্য হতে “কর্মচারীদের বেতন-ভাতা খাতে সহায়তা” বাবদ অর্জিত বা প্রাপ্ত ৫.৫০ টাকার মধ্য হতে ১.০০ টাকা ঐ নির্দিষ্ট মাঠকর্মী/পরিদর্শক প্রণোদনা বা ইনসেনটিভ হিসেবে উপজেলা দপ্তর হতে মাসিক ভিত্তিতে প্রাপ্য হবেন; এবং অবশিষ্ট (৫.৫০-১.০০)=৪.৫০ টাকা ঐ নির্দিষ্ট মাঠকর্মী/পরিদর্শকের নিয়মিত বা রেগুলার ব্যক্তিগত (Individual) বেতন-ভাতাদির ফান্ডে যুক্ত হবে, যা হতে ঐ মাঠকর্মী/পরিদর্শককে নিয়মিত বেতন-ভাতা প্রদান করা যাবে, এবং এ তহবিলে জমাকৃত অর্থ উদ্ধৃত থাকলে তা হতে ঐ মাঠকর্মী/পরিদর্শকের অনুকূলে গ্রাটুইটি বাবদ বিধি মোতাবেক অর্থ (বছরে দুটি বেসিক বেতন) জমা দেয়া যাবে। এর পরও ঐ মাঠকর্মী/পরিদর্শকের বেতন-ভাতা খাতে জমাকৃত তহবিল উদ্ধৃত থাকলে তা ঐ নির্দিষ্ট মাঠকর্মী/পরিদর্শকের চাকরি সমাপনান্তে তাকে এককালীন প্রদান করা যাবে।	উপজেলা পর্যায়ে বিআরডিবি’র কর্মসূচি বা ইউসিসিএ’র কোন মাঠকর্মী/পরিদর্শক (উপজেলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এক বা একাধিক ব্যক্তি) উদ্যোক্তা ঋণ কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব পালন করলে সেবামূল্য হতে “কর্মচারীদের বেতন-ভাতা খাতে সহায়তা” বাবদ অর্জিত বা প্রাপ্ত ৫.৫০ টাকার মধ্য হতে ১.০০ টাকা ঐ নির্দিষ্ট মাঠকর্মী/পরিদর্শক প্রণোদনা বা ইনসেনটিভ হিসেবে উপজেলা দপ্তর হতে মাসিক ভিত্তিতে ঐ নির্দিষ্ট মাঠকর্মী/পরিদর্শকের রেগুলার ব্যক্তিগত (Individual) বেতন-ভাতাদির ফান্ডে যুক্ত হবে যা হতে ঐ মাঠকর্মী/পরিদর্শক-কে নিয়মিত বেতন-ভাতা প্রদান করা যাবে এবং এ তহবিলে জমাকৃত অর্থ উদ্ধৃত থাকলে তা হতে ঐ মাঠকর্মী/পরিদর্শকের অনুকূলে গ্রাটুইটি বাবদ বিধি মোতাবেক অর্থ (বছরে দুটি বেতন) জমা দেয়া যাবে। এরপরও ঐ মাঠকর্মী/ পরিদর্শকের বেতন-ভাতা খাতে জমাকৃত তহবিল উদ্ধৃত থাকলে তা ঐ নির্দিষ্ট মাঠকর্মী/ পরিদর্শকের চাকরি সমাপনান্তে তাকে এককালীন প্রদান করা যাবে।

ক্র. নং	অনুচ্ছেদ নম্বর	“পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” বিদ্যমান অনুচ্ছেদসমূহ	“পল্লী উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” সংশোধিত অনুচ্ছেদসমূহ
১১	২১.৪	কোন সদস্য নির্ধারিত ১৮ মাস সময়ের পূর্বেই অর্থাৎ মেয়াদ শেষ হবার আগেই ঋণ পরিশোধ করতে চাইলে তাকে পুরো মেয়াদের নির্ধারিত সেবামূল্যই পরিশোধ করতে হবে; এক্ষেত্রে Early Settlement এর কোন সুযোগ থাকবে না।	ঋণ গ্রহণের পর ১২ মাসের মধ্যে ঋণ পরিশোধ করতে চাইলে ১২ মাসের সেবামূল্য পরিশোধ করে Early Settlement করা যাবে; তবে ১২ মাস পর Early Settlement করতে চাইলে তাকে ১৮ মাসের পুরো সেবামূল্য পরিশোধ করতে হবে।
১২	২১.৫	কিস্তি পরিশোধের জন্য একজন ঋণ গ্রহীতা সদস্যকে নিয়মিত মোটিভেশনের মধ্যে রাখতে হবে এবং অফিসে সংরক্ষিত তার পোস্ট ডেটেড চেক দ্বারা কিস্তি আদায় করতে হবে। এজন্য ঐ সদস্যের ব্যক্তিগত ব্যাংক একাউন্টে যাতে কিস্তির সমপরিমাণ অর্থ যথাসময়ে স্থিতি বা জমা থাকে সে বিষয়ে সদস্যকে সময় সময় সতর্ক করতে হবে। পোস্ট ডেটেড চেক “পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল, ----- উপজেলা” শিরোনামের ব্যাংক হিসাবে জমার পর উক্ত জমার রশিদ ও ব্যাংক স্টেটমেন্টের ভিত্তিতে হিসাবরক্ষক দাপ্তরিক রেকর্ডপত্র হালনাগাদ করবেন এবং মাঠকর্মী ঐ সদস্যের ব্যক্তিগত পাশবহিতে এন্ট্রি দিবেন।	ব্যাংক চেকের মাধ্যমে ঋণ পরিশোধের বিদ্যমান নিয়মের পাশাপাশি নগদেও ঋণ আদায় করা যাবে।

সংযুক্তি: সংশোধিত বিজনেস প্ল্যান।

মোহাম্মদ মনোয়ার উজ জামান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)
----- উপজেলা -----জেলা

নম্বর: ৪৭.৬২.০০০০.৫১৪.০৬.৪৩০.২৪. ৫২২৪

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
- ৩। যুগ্মপরিচালক, বিআরডিবি, বিভাগীয় কার্যালয় (সকল)।
- ৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর (সকল)।
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংশ্লিষ্ট নথি।

মোঃ সাদেকুর রহমান
উপপরিচালক (বিশেষ প্রকল্প)

(পরিশিষ্ট-৭)

সদস্যের ছবি আঠা দিয়ে লাগিয়ে
ইউআরডিও সত্যায়িত করবেনপল্লী উদ্যোক্তা ঋণ কর্মকাণ্ডের বিজনেস প্ল্যান
(পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি)

১	পল্লী উদ্যোক্তার নাম	:	
২	জাতীয় পরিচয়পত্র নম্বর	:	
৩	পিতার নাম	:	
৪	মাতার নাম	:	
৫	স্বামী/স্ত্রীর নাম	:	
৬	মোবাইল নম্বর	:	
৭	সমিতি/দলের নাম	:	
৮	ঠিকানা	:	
৯	কর্মকাণ্ডের নাম	:	

১০. প্রস্তাবিত কর্মকাণ্ডের (প্রকল্প/উদ্যোগ/ব্যবসা) বিপরীতে বিভিন্ন খাতওয়ারী প্রাক্কলিত ব্যয়ের বিবরণ:				
ক্র: নং	ব্যয়ের খাত সমূহের নাম	সম্ভাব্য ব্যয়ের পরিমাণ (টাকায়)	মন্তব্য	ব্যয়ের খাতসমূহের নাম
ক				উল্লেখপূর্বক ব্যয়ের
খ				পরিমাণ লিপিবদ্ধ করে
গ				সর্বমোট প্রকল্প ব্যয়
ঘ				নির্ধারণ করতে হবে।
ঙ				ব্যয়ের খাতসমূহ যেমন-
চ				জমি ক্রয়/লিজ গ্রহণ
ছ				বায়, খামার/ঘর/দোকান
জ				এর নির্মাণ/ভাড়া ব্যয়,
ঝ				মেশিনারী ও যন্ত্রপাতি
ঞ				ক্রয়, আসবাবপত্র ক্রয়,
ট				ডেকোরেশন ব্যয়,
ঠ				মালামাল/কীটামাল ক্রয়,
ড				গ্যাস/বিদ্যুৎ/পানি ও
ণ				অন্যান্য, শ্রমিকের
১০. মোট ব্যয়ের পরিমাণ				মজুরী/অফিস কর্মচারী,
				অন্যান্য ব্যয় ইত্যাদি)

১১।	নিজস্ব তহবিল হতে বিনিয়োগের পরিমাণ (প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৩০%)	:		টাকা
১২।	আবেদনকৃত ঋণের পরিমাণ (প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ ৭০%)	:		টাকা
১৩।	আবেদনকৃত ঋণের সেবামূল্য বাবদ সম্ভাব্য ব্যয়	:		টাকা
১৪।	প্রস্তাবিত কর্মকাণ্ডের বিপরীতে সম্ভাব্য সর্বমোট ব্যয়ের পরিমাণ (১০+১৩)	:		টাকা
১৫।	উৎপাদিত দ্রব্য/পণ্য বিক্রি হতে সম্ভাব্য সর্বমোট আয়	:		টাকা
১৬।	সর্বমোট লাভের পরিমাণ (১৫-১৪)	:		টাকা

আবেদনকারীর প্রত্যয়ন

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে প্রত্যয়ন করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য ও সঠিক। প্রকল্পের নিয়ম কানুন মেনে প্রস্তাবিত ঋণের আবেদন করছি। পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি কর্তৃক ঋণ মঞ্জুর করা হলে প্রস্তাবিত আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে (প্রকল্প/উদ্যোগ/ব্যবসা) বিনিয়োগ করতে এবং যথাসময়ে নির্ধারিত সেবামূল্যসহ উক্ত ঋণ পরিশোধে বাধ্য থাকবো।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

